তারিখ 18 JUN 2017
পৃষ্ঠা ২৭ কলাম ৪

যুগান্তর

বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন

# কমিটি গঠন নিয়ে দুই ফেসবুক স্ট্যাটাসে বিতর্কের নতুন মাত্রা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ফেসবুকে দেয়া দুটি স্ট্যাটাস বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের নতুন কার্যনির্বাহী কমিটি গঠন নিয়ে বিতর্কের নতুন মাত্রা যোগ করেছে। রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় ও কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের দু'জন শিক্ষক স্ট্যাটাস দুটি দিয়েছেন। গত ১৪ জুন বুধবার বেলা সাড়ে ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের এক সভা আহ্বান করা হয়। এতে নতুন কমিটির জন্য বিভিন্ন পদের বিপরীতে কেবল নাম প্রস্তাব করা হয়েছে বলে জানান ফেডারেশনের সভাপতি ও মহাসচিব। কিন্তু ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. রহমত উল্লাহ সামাজিক যোগাযোগ মাধ্যম ও সভাসূত্র উদ্ধৃত করে বলেন, সভায় 'নতুন কমিটি' হয়েছে।

এই বিতর্কের মধ্যেই রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের প্রভাষক সিদ্দিকুর রহমান ফেসবুক স্ট্যাটাসে উল্লেখ করেন, ফেডারেশনের মহাসচিব হিসেবে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ফরিদ আহমেদ এবং কার্যনির্বাহী কমিটির সদস্য প্রফেসর সুফি মোস্তাফিজুর রহমান শিক্ষা ও গবেষণা সম্পাদক হিসেবে সর্বসম্মতভাবে নির্বাচিত হয়েছেন। ব্যক্তিগত ওয়ালে দেয়া অন্য এক স্ট্যাটাসে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের হাসান মেহেদী নামের একজন শিক্ষক উল্লেখ করেন, তিনি সংগঠনের যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবে পুনঃনির্বাচিত হয়েছেন।

এই স্ট্যাটাসের বিষয়ে জানতে শিক্ষক হাসান মেহেদীকে ফোন করলে তার ব্যবহৃত নম্বরটি বন্ধ পাওয়া গেছে। পরে খোঁজ নিয়ে জানা যায়, তিনি দেশের বাইরে অবস্থান করছেন। রংপুর বিশ্ববিদ্যালয়ের শিক্ষকের স্ট্যাটাসের বিষয়ে জাবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ফরিদ আহমেদ যুগান্তরকে বলেন, 'এই স্ট্যাটাসের বিষয়ে আমি অবগত নই। হয়তো কেউ আবেগতাড়িত হয়ে এমন স্ট্যাটাস দিয়েছেন। আর আমি ফেডারেশনের সদস্য হিসেবে নতুন। সেদিন মহাসচিব হিসেবে আমার নাম প্রস্তাব এসেছে। আমি অনেকের 'এপ্রিসিয়েশন'ও পেয়েছি। তবে গঠনতন্ত্র অনুযায়ী এটি চূড়ান্ত কিনা— সেই বিষয়ে নিশ্চিতভাবে বলতে পারছি না।